

## গবেষণায় অংশগ্রহণে সম্মতির জন্য সংক্ষিপ্ত ফর্ম

আপনাকে একটি গবেষণা অধ্যয়নে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। এই অধ্যয়নে অংশ নিতে সম্মত হওয়ার আগে, আপনি বুঝতে পারেন এমন একটি ভাষায় অধ্যয়নটির স্পষ্ট ব্যাখ্যা লাভ করা গুরুত্বপূর্ণ। যখন আপনি সম্মতির ফর্মটিতে স্বাক্ষর করবেন তখন আপনি যে যে বিষয়ে সম্মত হবেন তার একটি তালিকা নিচে দেওয়া হল।

একজন অনুবাদক, যিনি হয় অধ্যয়নটি পরিচালনা করছেন এমন একজন গবেষক বা তাদের একজন প্রতিনিধি, আপনাকে ব্যাখ্যা করেছেন: (1) গবেষণাটির উদ্দেশ্য, প্রক্রিয়াসমূহ, এবং গবেষণাটি কতদিন ধরে চলবে; (2) পরীক্ষামূলক যে কোনো প্রক্রিয়া; (3) যুক্তিসঙ্গতভাবে অনুমানযোগ্য যে কোনো ঝুঁকি (সম্ভাব্য ঝুঁকিগুলি যেগুলির বিষয়ে এখন পর্যন্ত জানা গেছে), গবেষণার অসুবিধা ও লাভগুলি (4) যে কোনো সম্ভাব্য সুবিধাজনক বিকল্প পদ্ধতি বা চিকিৎসা; এবং (5) কিভাবে গোপনীয়তা বজায় রাখা হবে।

যখন এই অধ্যয়নের কথা জানানো হয়েছে, তখন আপনাকে এই বিষয়গুলি সম্পর্কে জানানো হয়েছে: (1) যদি আপনি গবেষণার সময় আঘাত পান তাহলে পাওয়া যাবে এমন যে কোনো ক্ষতিপূরণ বা চিকিৎসা; (2) অজানা ঝুঁকির সম্ভাবনা (যে ঝুঁকিগুলির বিষয়ে এখনো জানা নেই); (3) যে সব পরিস্থিতিতে গবেষক আপনার অংশগ্রহণ বন্ধ করে দিতে পারেন; (4) আপনার জন্য বাড়তি কোনো খরচ; (5) আপনি অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নিলে কী হবে; (6) কখন আপনাকে নতুন জানা কোনো তথ্যের বিষয়ে জানানো হবে যা অংশগ্রহণ করার ক্ষেত্রে আপনার ইচ্ছাকে প্রভাবিত করতে পারে; এবং (7) এই অধ্যয়নে কতজন অংশগ্রহণ করবেন।

আপনাকে বলা হয়েছে যে যদি আপনি এই গবেষণা অধ্যয়নে থাকার সময় আঘাত পান, তাহলে আপনার জন্য অবিলম্বে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হবে। কিন্তু অধ্যয়ন-সম্পর্কিত কারণে কোনো আঘাত পেলে তার জন্য ওয়েন স্টেট ইউনিভার্সিটি বা তার সহযোগীদের কাছ থেকে আপনাকে ক্ষতিপূরণ বা বিনামূল্যে চিকিৎসা প্রদান করার জন্য কোনো অঙ্গীকার করা হয়নি।

অধ্যয়ন সম্পর্কে কোনো প্রশ্ন বা সমস্যা থাকলে তার জন্য মুখ্য অনুসন্ধানকারী (পিআই)

\_\_\_\_\_ -এর সাথে \_\_\_\_\_ নম্বরে এবং গবেষণায় অংশগ্রহণকারী হিসাবে আপনার অধিকার, গবেষণা অধ্যয়ন, বা আপনি আঘাত পেলে কি করতে হবে সে বিষয়ে 313-577-1628 নম্বরে প্রাতিষ্ঠানিক পর্যালোচনা পরিষদের প্রশাসনিক দপ্তরে (Institutional Review Board Administration Office) যোগাযোগ করতে আপনাকে বলা হয়েছে।

আপনাকে বলা হয়েছে যে গবেষণাটিতে আপনার অংশগ্রহণ স্বেচ্ছাধীন এবং যদি আপনি অংশগ্রহণ করতে অঙ্গীকার করেন বা আপনি অংশগ্রহণ করতে সম্মত হয়েও পরে তা বন্ধ করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার কোনো জরিমানা হবে না বা আপনি কোনো সুবিধা হারাবেন না।

যদি আপনি অংশগ্রহণ করতে সম্মত হন, আপনাকে বলা হয়েছে যে আপনাকে এই ডকুমেন্টের একটি স্বাক্ষরিত কপি এবং গবেষণার একটি লিখিত সংক্ষিপ্তসার ইংরেজি ভাষায় দেওয়া হবে।

এই ডকুমেন্টে স্বাক্ষর করার অর্থ হল যে উপরোক্ত তথ্য সহ গবেষণা অধ্যয়নটি সম্পর্কে আপনার কাছে মৌখিকভাবে বর্ণনা করা হয়েছে এবং আপনি স্বেচ্ছায় অংশগ্রহণ করতে রাজি হয়েছেন।

\_\_\_\_\_

অংশগ্রহণকারীর/আইনগতভাবে অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর/সম্পর্ক

\_\_\_\_\_

তারিখ

\_\_\_\_\_

সাক্ষীর স্বাক্ষর

\_\_\_\_\_

তারিখ

\_\_\_\_\_

অনুবাদকের স্বাক্ষর

\_\_\_\_\_

তারিখ

08/06/03 সংস্করণ #1

08/18/03 সংস্করণ #2

09/17/03 স্টিয়ারিং কমিটি দ্বারা অনুমোদিত